গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা
www.cabinet.gov.bd

বিষয়: সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কর্মসূচিসমুহের মধ্যে আন্তঃক্রিয়াশীলতা (Interoperitibility) স্থাপনের লক্ষ্যে মন্ত্রনালয়/বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও কারিগরি প্রতিনিধিদের অংশগ্রহণে পর্যালোচনামূলক সভা।

সভাপতি	:	মোঃ মাহমুদুল হোসাইন খান সচিব, সমন্বয় ও সংস্কার মন্ত্রিপরিষদ বিভাগ।
সভার তারিখ	:	২২ অক্টোবর ২০২৪
সময়	:	সকাল ১০:৩০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রিপরিষদ বিভাগ সভাকক্ষ, কক্ষ নং ১০০৫, ১০ম তলা, পরিবহন পুল ভবন, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের দক্ষ ব্যবস্থাপনা এবং সুবিধাভোগীর দ্বিত্বতা পরিহারের লক্ষ্যে সকল মন্ত্রণালয়ের MIS-সমূহের মধ্যে আন্তঃক্রিয়াশীলতা (Interoperability) স্থাপনের লক্ষ্যে অর্থ বিভাগ হতে একটি Single Registry MIS প্রণয়ন করা হয়েছে। তিনি উল্লেখ করেন, দ্বিত্বতা (Double Dipping) পরিহারের লক্ষ্যে সকল মন্ত্রণালয়ের MIS গুলোকে API এর মাধ্যমে IBAS++ এর সাথে Interoperable করতে হবে এবং এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত Citizen Core Data Structure (CCDS) অনুসরণ করতে হবে। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী জনাব আবুল বাশার মোঃ আমির উদ্দিন, যুগ্নসচিব, অর্থ বিভাগকে SPBMU প্ল্যাটফর্ম এর সাথে অন্যান্য মন্ত্রণালয়সমূহের MIS এর Interoperitibility স্থাপনের বিষয়ে অগ্রগতি তুলে ধরার জন্য আহবান জানান।

০২) জনাব আবুল বাশার মোঃ আমির উদ্দিন SPBMU প্ল্যাটফর্মের সাথে অনান্য মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের MIS এর মধ্যে Interoperability স্থাপনের বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করেন। তিনি উল্লেখ করেন যে, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়িত MIS-কে একটি Integrated Single Registry MIS হিসেবে রূপান্তর করা হয়েছে, যার মাধ্যমে উপকারভোগীদের মধ্যে দ্বিত্বতা চিহ্নিত করা সম্ভব এবং Interoperitibility-এর পরিধি অর্থাৎ নতুন নতুন MIS উক্ত প্ল্যাটফর্মের সঙ্গে খুব সহজেই সংযুক্ত সম্ভব। অতঃপর অর্থ বিভাগের SPBMU এবং API প্ল্যাটফর্মের কারিগরি টিম প্ল্যাটফর্মটির বিভিন্ন ফাংশনসমূহ বিস্তারিত তুলে ধরেন এবং এর বিভিন্ন সুবিধা নিয়ে আলোচনা করেন।

০৩) জনাব মুর্শিদা শারমিন, যুগ্মসচিব, সামাজিক নিরাপত্তা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ মন্ত্রনালয়সমুহের বিদ্যমান সামাজিক নিরাপত্তা কর্মসুচিসমূহের MIS গুলোতে CCDS অনুসরণ করা হচ্ছে কিনা সে বিষয়ে একটি উপস্থাপনা প্রদান করেন। তিনি বলেন মাঠ পর্যায়ে চলমান বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের মধ্যে Interoperitibility স্থাপন করার জন্য CCDS-এর আবশ্যিক ১২টি ফিল্ডের মধ্যে কোনগুলো পূরণ করা হয়/হয় না, সে বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। উক্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের MIS-এ CCDS এ উল্লিখিত কয়েকটি ফিল্ড পূরণ করা হয় না। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয় খুব অল্প সময়ের মধ্যে MIS টি প্রস্তুত করায় সম্পূর্ণভাবে CCDS অনুসরণ করা সম্ভব হয়নি । মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জেন্ডার এর ক্ষেত্রে কোনো তথ্য পূরণ করছে না এবং ভেন্ডর কর্তৃক অধিদপ্তরে জমা দেওয়া হলেও Technical person না থাকায় Source code কেউ বুঝে নেননি। এছাড়া অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক MIS এ CCDS অনুসরণের অগ্রগতি, চ্যালেঞ্জ এবং করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

০৪) সভাপতি ~~মহোদয়~~ SPBMU প্ল্যাটফর্মের বিভিন্ন ফিচারের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন এই প্ল্যাটফর্মের মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে কত টাকা বরাদ্দ, কত টাকা ছাড় দেয়া এবং কত টাকা উপকারভোগীদের কাছে পৌঁছেছে তা নিরূপণ করা সম্ভব। তিনি SPBMU এর MIS-এর এলাকা ভিত্তিক ম্যাপ, গ্রাফিকাল ও টেবুলার তথ্য দৃশ্যমান সংক্রান্ত ফিচারের কথা বিশেষভাবে উল্লেখ করেন। তিনি বলেন, Interoperitibility স্থাপনের মাধ্যমে ছাড়কৃত টাকার অবস্থান সম্পর্কে জানা এবং মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (MFS) প্রোভাইডারদের জবাবদিহিতার আওতায় আনা, দ্বিত্বতা পরিহার করা ও নির্ভুলতা বৃদ্ধি করা সম্ভব হবে। একই ধরণের কর্মসূচি পরিহার করার নিমিত্ত তিনি ভবিষ্যতে নতুন সামাজিক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ করার ক্ষেত্রে মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপন করার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

০৫) এছাড়াও সভাপতি ~~মহোদয়~~ অর্থ বিভাগের SPBMU ইউনিটের মাধ্যমে Interoperitibility সংক্রান্ত একটি সংক্ষিপ্ত গাইডলাইন প্রস্তুত করে সামাজিক নিরাপত্তা বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের এসএসপিএস প্রোগ্রামকে সহায়তা প্রদানের অনুরোধ করেন এবং Single Registry MIS এর তথ্য সন্নিবেশিত করে সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার আহবান জানান। পরিশেষে, তিনি উপকারভোগী সহজে চিহ্নিত করার লক্ষ্যে Single Registry MIS-এ সকল নাগরিকের অর্থনৈতিক প্রোফাইল অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা উপর জোর দেন।

০৬) বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

ক) যেসব মন্ত্রণালয়/বিভাগ তাদের সামাজিক নিরাপত্তা সংক্রান্ত MIS এর সোর্স কোড এখনো সংশ্লিষ্ট ভেন্ডরদের নিকট থেকে সংগ্রহ করেনি, সেসব মন্ত্রণালয়/বিভাগকে আগামী ৩০ নভেম্বর ২০২৪ এর মধ্যে সংশ্লিষ্ট ভেন্ডরদের নিকট হতে নিজস্ব ব্যবস্থাপনায় সংগ্রহ করতে হবে;

খ) নতুন কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচির MIS প্রণয়ন কার্যক্রম গ্রহণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে CCDS অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো;

গ) SPBMU প্ল্যাটফর্মের সঙ্গে সংযুক্ত এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্যান্য MIS-সমূহের সঙ্গে Interoperitibility জোরদারকরণের লক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখে মধ্যে API প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;

ঘ) IBAS++ এর সঙ্গে সংশ্লিষ্ট সামাজিক নিরাপত্তা কর্মসূচির MIS-সমূহে CCDS এর কোন আবশ্যকীয় ফিল্ড এখনো সন্নিবেশিত করা না হলে তা অনতিবিলম্বে সংযুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে অনুরোধ করা হলো;

ঙ) অর্থ বিভাগের SPBMU ইউনিটের মাধ্যমে Interoperitibility সংক্রান্ত একটি সংক্ষিপ্ত গাইডলাইন প্রস্তুত করে সামাজিক নিরাপত্তা বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।

০৭) পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ